Lens Asia

LENS ASIA

৯ আগস্ট, ২০২৬

# আজ চট্টগ্রামে যাচ্ছেন প্রধানমন্ত্রী তারেক রহমান




প্রধানমন্ত্রী তারেক রহমান। ছবি: সংগৃহীত

ফেব্রুয়ারিতে প্রধানমন্ত্রীর দায়িত্ব নেওয়ার পর প্রথমবারের মতো চট্টগ্রাম সফরে যাচ্ছেন প্রধানমন্ত্রী তারেক রহমান। রোববার (৯ আগস্ট) চট্টগ্রামের পাশাপাশি কক্সবাজারের বিভিন্ন কর্মসূচিতে অংশ নেবেন তিনি।

সফর শুরু হবে কক্সবাজারের মহেশখালীর মাতারবাড়ী থেকে। সকালে ঢাকা থেকে হেলিকপ্টারে সেখানে পৌঁছানোর কথা রয়েছে প্রধানমন্ত্রীর। তাকে ঘিরে চট্টগ্রাম ও কক্সবাজারে এরই মধ্যে দলীয়ভাবে বিভিন্ন প্রস্তুতি নেওয়া হয়েছে।

সফরসূচি অনুযায়ী, সকাল সাড়ে ১০টার দিকে মাতারবাড়ী গভীর সমুদ্রবন্দর, কয়লাভিত্তিক বিদ্যুৎ প্রকল্প এবং মহেশখালী সমন্বিত উন্নয়ন কর্তৃপক্ষের (মিডা) কার্যক্রম পরিদর্শন করবেন তারেক রহমান।

LENS ASIA

এরপর বাহারছড়া ইউনিয়নের পশ্চিম বাঁশখালী উচ্চ বিদ্যালয় ও কলেজ মাঠে যাবেন প্রধানমন্ত্রী। সাম্প্রতিক বন্যায় ক্ষতিগ্রস্ত মানুষের পুনর্বাসন নিয়ে আয়োজিত অনুষ্ঠানে সেখানে অংশ নেওয়ার কথা রয়েছে তার।

দুপুর দেড়টার দিকে চট্টগ্রামের ফটিকছড়ির আল-জামিয়াতুল ইসলামিয়া আজিজুল উলুম বাবুনগর মাদরাসায় যাওয়ার কথা রয়েছে প্রধানমন্ত্রীর। সেখানে আল্লামা শাহ মুহিব্বুল্লাহ বাবুনগরীর সঙ্গে সৌজন্য সাক্ষাৎ করবেন তিনি। পরে মরহুম আল্লামা শাহ আহমদ শফীর কবর জিয়ারত করার কথা রয়েছে।

বিকেল পৌনে ৪টার দিকে হাটহাজারী জেলা পরিষদ ডাকবাংলোয় কিছু সময়ের জন্য বিরতি নেবেন তারেক রহমান। এরপর বিকেল ৫টায় হাটহাজারী সরকারি কলেজ মাঠে বন্যায় ক্ষতিগ্রস্তদের পুনর্বাসন নিয়ে আয়োজিত অনুষ্ঠানে যোগ দেবেন।

দিনের শেষ কর্মসূচি হিসেবে সন্ধ্যায় চট্টগ্রামের রেডিসন ব্লু হোটেলে একটি সাংগঠনিক সভায় অংশ নেবেন প্রধানমন্ত্রী। কর্মসূচি শেষে রাতেই ঢাকার উদ্দেশে চট্টগ্রাম ছাড়ার কথা রয়েছে তার।